

ব্যয় ও প্রাণিক ব্যয়ের সম্পর্কের অনুসূত।

প্রশ্ন ১০। কোন প্রতিষ্ঠানের দীর্ঘকালীন ব্যয় রেখার আকৃতি বর্ণনা কর। দীর্ঘকালীন ও স্বল্পকালীন গড় ব্যয় রেখার আকৃতি আলোচনা কর।

অথবা, স্বল্পকালীন ও দীর্ঘকালীন গড় ব্যয়ের সম্পর্ক কি?


উত্তর : দীর্ঘকালীন গড় ব্যয় রেখা : দীর্ঘকাল বলতে এমন একটা সময়কে বোঝায় যখন উৎপাদন প্রতিষ্ঠানের প্রতিটি উৎপকরণই পরিবর্তনীয় হয় বা যখন কোন হিসেবে উৎপাদন থাকে না। এই কারণেই দীর্ঘকালে সমস্ত ব্যয়ই পরিবর্তনীয় ব্যয়। তাই দীর্ঘকালে পরিবর্তনীয় ব্যয় ও মোট ব্যয়ের মধ্যে কোন পার্থক্য করা চলে না—দীর্ঘকালে গড় ব্যয় দেখা দেয়। দীর্ঘকালে উৎপাদন প্রতিষ্ঠান উৎপাদনের মাত্রার পরিবর্তন করতে পারে। দীর্ঘকালীন সময়কে “পরিবর্তন সীমা” বলে। [ তবে সমস্ত কার্যাবলী এমনকি সমস্ত রকমের উৎপাদন স্বল্পকালীন সময়ে সম্পাদিত হয়। প্রতিটি অর্থনৈতিক প্রতিনিধি—ভোক্তা, উৎপাদক—দীর্ঘকালীন ভিত্তিতে পরিবর্তন করে। কিন্তু, স্বল্পকালীন ভিত্তিতে এরা কার্যাবলী সম্পাদন করে। সুতরাং, দীর্ঘকালীন সময় বলতে সম্ভাব্য সব রকমের স্বল্পকালীন অবস্থা বোঝায় এবং যার মধ্যে কোন একটি স্বল্পকালীন অবস্থার কথা উৎপাদন প্রতিষ্ঠান বিবেচনা করে। ]

দীর্ঘকালীন মোট ব্যয়কে উৎপাদনের পরিমাণ দিয়ে ভাগ করলে দীর্ঘকালীন গড় ব্যয় পাওয়া যায়। উপরি-উক্ত আলোচনার ভিত্তিতে আমরা বলতে পারি যে দীর্ঘকালীন সময় অনেক স্বল্পকালীন সময়ের সমষ্টিমাত্র এবং দীর্ঘকালীন গড় ব্যয় রেখা (long run average cost curve বা LAC) স্বল্পকালীন গড় রেখার (short-run average cost curve বা সংক্ষেপে SAC) ভিত্তিতে গঠিত।

৩.১১ নং চিত্রে তিনটি স্বল্পকালীন গড় ব্যয় রেখা ( $SAC_1$ ,  $SAC_2$  এবং  $SAC_3$ ) অঙ্ক হয়েছে। এই রেখাগুলো বিকল্প মাত্রার উৎপাদন চিহ্নিত করে। দীর্ঘকালে উৎপাদন যে কোন একটি মাত্রায় থাকতে পারে অথবা এক মাত্রা থেকে অপর মাত্রার নিয়ে যাওয়া বেতে পারে।

SAC রেখাগুলো যেহেতু কারখানার এক একটি পৃথক

পৃথক আয়তনের ইন্দিত দেয়, সেহেতু SAC রেখাকে কারখানা রেখাও বলে। ধরা যাক, উৎপাদনের পরিমাণ  $OX_1$ । এই অবস্থায় উৎপাদক প্রতিষ্ঠান  $SAC_1$  চিহ্নিত ছোট মাত্রায়



৩.১১ নং চিত্র : LAC রেখা

উৎপাদন করে। কারণ, উৎপাদনের এই স্তরে গড় ব্যয় ন্যূনতম ( $X_1 C_1$ ) হয়। উৎপাদক যদি  $SAC_2$  মাত্রায় থেকে  $OX_1$  পরিমাণ উৎপাদন করে তবে তার ব্যয় ন্যূনতম না হয়ে বেশি হবে (অর্থাৎ,  $X_1 M_1$ )।

উৎপাদনের পরিমাণ বাড়ার সঙ্গে সঙ্গে উৎপাদক নতুন মাত্রায় উৎপাদন করতে চেষ্টা করে; নতুনা, ব্যয় বৃদ্ধি পাবে। যখন  $OX_2$  পরিমাণ উৎপাদন করা হয় তখন উৎপাদক  $SAC_1$  থেকে  $SAC_2$  মাত্রায় চলে আসে। কারণ, এই মাত্রায় উৎপাদন ব্যয় ন্যূনতম হয়—অর্থাৎ  $X_2 C_2$ । অনুরূপভাবে,  $OX_3$  পরিমাণ উৎপাদনের জন্য প্রতিষ্ঠানটি  $SAC_3$  হয়—অর্থাৎ  $X_3 C_3$ । অনুরূপভাবে,  $OX_4$  পরিমাণ উৎপাদনের জন্য প্রতিষ্ঠানটি  $SAC_4$  হয়—অর্থাৎ  $X_4 C_4$ । সেই মাত্রাতেই উৎপাদন করে যে মাত্রায় নির্দিষ্ট পরিমাণ দ্রব্যে উৎপাদনে গড় ব্যয় ন্যূনতম হয়।

দীর্ঘকালে গড় ব্যয় রেখা কি রকম হবে? আমরা এখানে তিনটি বিকল্প মাত্রার উৎপাদনের অবস্থা বিবেচনা করেছি। কিন্তু বাস্তবে দীর্ঘকালে অসংখ্য বিকল্প মাত্রার উৎপাদন থাকে। এই অসংখ্য বিকল্প মাত্রার উৎপাদনের অন্তর্গত যে মাত্রাটি সর্বাপেক্ষা কম গড় ব্যয়ে নির্দিষ্ট পরিমাণ দ্রব্য উৎপাদন করে সেই মাত্রাটিতেই উৎপাদন প্রতিষ্ঠান উৎপাদন করে। অসংখ্য  $SAC$  রেখার ছোট ছোট অংশ নিয়ে LAC রেখা গঠিত। 3.11 নং চিত্রে এমনভাবে একটি রেখা টানা হয়েছে যা  $SAC$  রেখা তিনটিকে স্পর্শ করেছে, অথচ ছেদ করেনি। এটিই LAC রেখা। এককথায়, স্বল্পকালীন গড় ব্যয় রেখার স্পর্শকরূপে এই দীর্ঘকালীন গড় ব্যয় রেখা পাওয়া যায়। LAC রেখাটি যেহেতু  $SAC$  রেখাগুলোর স্পর্শক, সেহেতু LAC রেখাকে ‘লেকাম’ রেখা বলে।

এই প্রসঙ্গে মনে রাখা দরকার যে LAC রেখা প্রতিটি  $SAC$  রেখার নিম্নতম বিন্দুতে স্পর্শ করে না। যখন  $OX_1$  পরিমাণ উৎপাদন হয় একমাত্র তখনই LAC রেখা  $SAC$  রেখার সর্বনিম্ন বিন্দুতে স্পর্শ করে। যখন  $OX_2$  অপেক্ষা কম পরিমাণ দ্রব্য উৎপাদিত হয় তখন LAC রেখা ও  $SAC$  রেখা নিচের দিকে নামতে থাকে। অর্থাৎ, নিম্নমুখী LAC রেখা  $SAC_1$  রেখার নিম্নগামী অংশে স্পর্শ করে—এখানে  $C_1$  বিন্দুতে; যদিও  $SAC$  রেখার নিম্নতম বিন্দু হল D। এর অর্থ হল যে  $OX_2$  অপেক্ষা কম পরিমাণ দ্রব্য সর্বনিম্ন ব্যয়ে উৎপাদন করা যাবে না। অথবা, এই অবস্থায় উৎপাদন উৎপাদনক্ষমতার কম হয়। অপরদিকে,  $OX_3$  অপেক্ষা বেশি উৎপাদন হলে উত্তর্গামী LAC রেখা  $SAC$  রেখার উত্তর্গামী অংশে স্পর্শ করে—এখানে  $C_2$  বিন্দুতে; যদিও  $SAC$  রেখার নিম্নতম বিন্দু হল E। এর অর্থ হল  $OX_3$  অপেক্ষা বেশি দ্রব্য উৎপাদন করতে হলে ( $SAC_3$ , অনুযায়ী) গড় ব্যয় সর্বনিম্ন না হয়ে বেশি হয়। অর্থাৎ, এই অবস্থায় প্রতিষ্ঠানটি তার উৎপাদন ক্ষমতার বেশি উৎপাদন করে। আবার, LAC রেখা যেহেতু  $SAC$  রেখার স্পর্শক নিয়ে গঠিত সেহেতু উভয়ের স্পর্শবিন্দু ব্যতীত যে কোন বিন্দুতে  $SAC > LAC$  এবং স্পর্শবিন্দুতে  $SAC = LAC$ । আবার, যখন LAC সর্বনিম্ন তখন তা  $SAC$ -র সর্বনিম্ন বিন্দুকেই স্পর্শ করে— $OX_4$  উৎপাদনে।